

আইসিটি বিভাগের দায়িত্ব ও কার্যাবলী

- (১) **অটোমেশনঃ** কর্তৃপক্ষের সার্বিক কার্যক্রম কম্পিউটারাইজেশন/অটোমেশনের পরিকল্পনা প্রণয়ন, উন্নয়ন ও বাস্তবায়নে সার্বিক দায়িত্ব পালন করা।
- (২) **আইটি অবকাঠামোঃ** কর্তৃপক্ষের IT Infrastructure স্থাপন, বর্ধিতকরণ, যুগোপযোগী ও রক্ষণাবেক্ষণ কাজের সার্বিক তত্ত্বাবধান করা।
- (৩) **নেটওয়ার্ক ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণঃ** বিআইডব্লিউটিএ ভবনে স্থাপিত সার্ভার কক্ষ, নেটওয়ার্ক (LAN, WAN) ও নেটওয়ার্কিং এক্সেসরিজ, সার্ভার, স্টোরেজ, অনলাইন ইউপিএস, ওয়াই-ফাই (Wi-Fi), ইন্টারনেট সংযোগ স্থাপন, এবং আনুষঙ্গিক যন্ত্রপাতিসমূহ সার্বক্ষণিকভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করা।
- (৪) **সফটওয়্যার ব্যবস্থাপনাঃ** কর্তৃপক্ষের সেবাসমূহ সহজীকরণের লক্ষ্যে বিভিন্ন বিভাগ/দপ্তর/শাখার চাহিদার ভিত্তিতে সফটওয়্যার তৈরির পরিকল্পনা গ্রহণ, উন্নয়ন, রক্ষণাবেক্ষণ সহ সার্বিক বাস্তবায়ন করা। এছাড়া সফটওয়্যারসমূহের ব্যবহারকারীদের কারিগরী ও সাধারণ সমস্যাগুলো সমাধানে সহায়তা করা।
- (৫) **হার্ডওয়্যার ব্যবস্থাপনাঃ** কম্পিউটার, সার্ভার, প্রিন্টার, রাউটার, মডেমসহ সব ধরনের হার্ডওয়্যার ইনস্টলেশন, রক্ষণাবেক্ষণ (maintenance) এবং ট্রাবলশুটিং নিশ্চিত করা। পাশাপাশি প্রয়োজনীয় সফটওয়্যার ইনস্টল ও আপডেটের কাজও তারা করে থাকে।
- (৬) **ওয়েবসাইট পরিচালনা ও হালনাগাদকরণঃ** প্রতিষ্ঠানের ওয়েবসাইটের কনটেন্ট তৈরি, নিয়মিত তথ্য হালনাগাদ করা এবং রক্ষণাবেক্ষণ করা।
- (৭) **ই-সেবা/ডিজিটাল সেবাঃ** ই-মেইল, ই-ফাইল/ডি-নথি, ই-জিপি (e-GP), অনলাইন রিপোর্ট ম্যানেজমেন্ট সিস্টেম(RMS), জিপিএমএস(GPMS), ডিজিটাল সিগনেচার, ইলেকট্রনিক রেকর্ড কিপিং এবং অন্যান্য অনলাইন ভিত্তিক সেবা (e-services) পরিচালনা করা এবং বাস্তবায়নে কারিগরি সহায়তা প্রদান।
- (৮) **সিস্টেম নিরাপত্তা ও ব্যাকআপঃ** সিস্টেমের নিয়মিত ব্যাকআপ রাখা এবং সিস্টেমের সাইবার নিরাপত্তা নিশ্চিত করা।
- (৯) **ভিডিও কনফারেন্সিং ব্যবস্থাঃ** বিভিন্ন দাপ্তরিক সভা বা কার্যক্রমের জন্য ভিডিও কনফারেন্সিং (zoom) সিস্টেমের কারিগরি দিকগুলো পরিচালনা করা।
- (১০) **সিসিটিভি (CCTV) ক্যামেরাঃ** বিআইডব্লিউটিএ ভবনের বিভিন্ন তলায় অবস্থিত বিভাগসমূহে স্থাপিত সিসিটিভি ক্যামেরা রক্ষণাবেক্ষণ, পরিচালনা ও সংরক্ষণ।
- (১১) **হট লাইনঃ** বিআইডব্লিউটিএ'র জরুরী হট লাইন নাম্বার :16113 পরিচালনা করা।
- (১২) **ডিজিটাল হাজিরা ও এক্সেস কন্ট্রোলঃ** ডিজিটাল হাজিরা (Attendance) নিশ্চিতকরণের লক্ষ্যে কর্তৃপক্ষে এক্সেস কন্ট্রোল সিস্টেম স্থাপন, ডিজিটাল আইডি কার্ড প্রদান এবং ব্যবস্থাপনা করা।
- (১৩) **ভেসেল ট্রাকিং নীতিমালা প্রণয়ন, Real time ট্রাকিং এবং মনিটরিং সিস্টেম বাস্তবায়ন করা।**
- (১৪) **পরিকল্পনা ও বাজেট প্রণয়নঃ** আইসিটি সম্পর্কিত নতুন সরঞ্জাম কেনা, সিস্টেমের উন্নয়ন এবং তথ্যপ্রযুক্তি খাতের বাজেট ও পরিকল্পনা প্রণয়নে সহায়তা করা।
- (১৫) **সমন্বয় ও বাস্তবায়নঃ** মন্ত্রণালয়ের এবং এর অধীনস্থ বিভিন্ন দপ্তর, অধিদপ্তর, সংস্থা ও প্রকল্পের মধ্যে সমন্বয় সাধন এবং আইসিটি-সম্পর্কিত কার্যক্রম পরিকল্পনা ও বাস্তবায়ন করা।
- (১৬) **প্রশিক্ষণ ও সহায়তাঃ** প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের আইসিটি ব্যবহারে দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং প্রযুক্তিগত সহায়তা (হেল্পডেস্ক) প্রদান করা।
- (১৭) **এছাড়া দাপ্তরিক দৈনন্দিন অন্যান্য কার্যক্রমসমূহ পরিচালনা করা।**